একটি মাসিক 'ই' সাময়িকী
# পদক্ষেপ বার্তা
বর্ষ: ১৩ । সংখ্যা: ১৫৪ । ডিসেম্বর ২০২৫
www.padakhep.org



Knowledge Connect: ICT and LEAP শীর্ষক কর্মশালা

পৃষ্ঠা ০১



উপজেলা দিবস উদযাপন ও সমৃদ্ধি উন্নয়ন মেলা অনুষ্ঠিত

পৃষ্ঠা ০৬

## Knowledge Connect: ICT and LEAP শীর্ষক কর্মশালা



আজকের প্রযুক্তি-নির্ভর বিশ্বে দক্ষ মানব সম্পদ, তথ্য নিরাপত্তা এবং স্বয়ংক্রিয় কর্মপ্রবাহ এর সমন্বয়ই একটি প্রতিষ্ঠানের টেকসই প্রবৃদ্ধি নিশ্চিত করে। সেই লক্ষ্যকে সামনে রেখে, **Knowledge Connect: ICT and LEAP** এর ধারাবাহিক কর্মশালার অংশ হিসেবে ২০২৫ সালে দেশের বিভিন্ন অঞ্চলে সফলভাবে অনুষ্ঠিত হচ্ছে। এরমধ্যে গত ১২ ডিসেম্বর পটুয়াখালী জোনে, ১৩ ডিসেম্বর বরিশাল জোন, ১৯ ডিসেম্বর ময়মনসিংহ জোন এবং ২০ ডিসেম্বর ২০২৫ তারিখে কিশোরগঞ্জ জোনে কর্মশালাগুলো সম্পন্ন হয় যা এখনো চলমান। অনুষ্ঠিত কর্মশালা গুলোতে সাইবার নিরাপত্তা ও ডেটা গোপনীয়তা, টিম ট্র্যাকার, পদক্ষেপ অ্যাকশন এক্সপ্রেস, ঋণ পরিশোধ, কেওয়াইসি আপডেট ও ক্রেডিট রেটিং সিস্টেম, ডায়নামিক লিভ অ্যাপ্রুভাল সিস্টেম, লিপ পণ্য বিক্রয় কৌশল, বিক্রয়োত্তর পরিষেবা এবং পদক্ষেপ এর সেফগার্ডিং বিষয়ে অভিজ্ঞজন আলোচনা উপস্থাপন করেন। কর্মশালায় পদক্ষেপ এর পরিচালক মুহম্মদ আররাফি সিদ্দীক পরিচালিত উন্মুক্ত আলোচনা অংশে প্রতিটি টিম নিজেদের অভিজ্ঞতা, এলাকাভিত্তিক চ্যালেঞ্জ ও সম্ভাব্য উন্নয়ন নিয়ে স্বতঃস্ফূর্তভাবে মতবিনিময় করেন, যা পদক্ষেপ এর কর্মপরিবেশে যুগান্তকারী প্রভাব ফেলবে বলে আশা করা যায় ।

ডিজিটাল রূপান্তরের এই সময়ে একটি প্রতিষ্ঠানের কার্যকারিতা আর কেবল জনবল নির্ভর নয়, বরং দক্ষতা, প্রযুক্তি ও সমন্বিত ব্যবস্থাপনার উপর নির্ভরশীল। তথ্য নিরাপত্তা নিশ্চিত করা, কাজের গতি ও স্বচ্ছতা বাড়ানো এবং দলগত সক্ষমতা উন্নয়ন এখন সময়ের দাবি। এই প্রেক্ষাপটে কর্মীদের প্রযুক্তিগত দক্ষতা ও ব্যবস্থাপনা জ্ঞান হালনাগাদ করা অত্যন্ত গুরুত্বপূর্ণ। সেই প্রয়োজন থেকেই পরিকল্পিতভাবে আয়োজন করা হচ্ছে এই কর্মশালা সিরিজ।











## 'বিডি ওয়াশ' প্রকল্পের নিরাপদ পানি ব্যবস্থাপনা বিষয়ক ক্যাম্পেইন অনুষ্ঠিত



পদক্ষেপ এর গোবিন্দগঞ্জ ব্রাঞ্চের উদ্যোগে 'বিডি ওয়াস' প্রকল্পের আওতায় গত ২৪ ডিসেম্বর ২০২৫ তারিখে চাদের আলো মহিলা সমিতিতে নিরাপদ ব্যবস্থাপনায় পানি বিষয়ক একটি সচেতনতামূলক ক্যাম্পেইন অনুষ্ঠিত হয়। ক্যাম্পেইনে সংশ্লিষ্ট জোনের সহকারী পরিচালক ও জোনাল ম্যানেজার, ব্রাঞ্চ ম্যানেজার, কমিউনিটি ম্যানেজার, সমিতির সদস্যবৃন্দ এবং এলাকার সম্মানিত গণ্যমান্য ব্যক্তিবর্গ উপস্থিত ছিলেন। এই ক্যাম্পেইনের মাধ্যমে নিরাপদ পানি ব্যবহার, পানি সংরক্ষণ ও স্বাস্থ্যসম্মত ব্যবস্থাপনা বিষয়ে অংশগ্রহণকারীদের মধ্যে সচেতনতা বৃদ্ধি করা হয়।

অনুষ্ঠানে বক্তারা নিরাপদ পানির গুরুত্ব তুলে ধরে স্বাস্থ্য সুরক্ষায় এর ভূমিকার ওপর গুরুত্বারোপ করেন।

নিরাপদ পানি মানুষের মৌলিক অধিকার এবং সুস্থ ও সম্মানজনক জীবনের অন্যতম প্রধান শর্ত। বিশুদ্ধ পানির অভাব থেকে সৃষ্ট পানিবাহিত রোগ এখনও গ্রাম ও শহর উভয় এলাকাতেই জনস্বাস্থ্যের জন্য বড় চ্যালেঞ্জ হিসেবে বিদ্যমান। বিশেষ করে নারী ও শিশুদের স্বাস্থ্য সুরক্ষা নিশ্চিত করতে নিরাপদ পানি ব্যবহার ও সঠিক ব্যবস্থাপনা সম্পর্কে সচেতনতা বৃদ্ধি অত্যন্ত জরুরি। এই বাস্তবতায় স্থানীয় পর্যায়ে জনগণকে সম্পৃক্ত করে সচেতনতামূলক কার্যক্রম গ্রহণ করা সময়োপযোগী ও কার্যকর উদ্যোগ হিসেবে বিবেচিত হয়।

# 'পিপিইপিপি-ইইউ' প্রকল্পের বিভিন্ন উন্নয়ন কার্যক্রম




## ক্ষুদ্র উদ্যোক্তা উন্নয়ন

'পিপিইপিপি-ইইউ' প্রকল্পের আওতায় অতিদরিদ্র জনগোষ্ঠীর আয় বৃদ্ধি ও স্বাবলম্বিতা নিশ্চিত করতে অনুদান ও উপকরণ সহায়তা প্রদান করা হয়। ভ্রাম্যমাণ মাছ বিক্রয় কেন্দ্র স্থাপনের লক্ষ্যে নিকলী উপ-প্রকল্প ইউনিটের নিকলী সদর ইউনিয়নের ০১ জন অগ্রসরমান অতিদরিদ্র সদস্যকে ১২ নভেম্বর ২০২৫ তারিখে মাছ সংরক্ষণের ট্যাংক, ডিসপ্লে বক্স, আইস বক্স, কাটিং ডিভাইস, চপিং টেবিল, গ্লাভস, মাস্ক, ক্যাপসহ প্রয়োজনীয় উপকরণ প্রদান করা হয় এবং ভ্যান ক্রয়ের জন্য নগদ অর্থ সহায়তা দেওয়া হয়। অন্যদিকে, হাওর এলাকায় হাঁসের বাচ্চা সহজলভ্য করতে 'উদ্যোক্তা উন্নয়নের মাধ্যমে হাঁসের মিনি হ্যাচারি' স্থাপনের আওতায় অষ্টগ্রাম উপ-প্রকল্প ইউনিটের কাস্তুল ইউনিয়নের ০১ জন সদস্যকে ১৭ ডিসেম্বর ২০২৫ তারিখে ১০০০ ডিম ধারণক্ষমতাসম্পন্ন অটোমেটেড ইনকিউবেটর মেশিন, মেশিন পরিচালনার আনুষঙ্গিক যন্ত্রপাতি, ১০০০টি উর্বর ডিম এবং আইপিএস স্থাপনের জন্য নগদ অর্থ প্রদান করা হয়। এই সহায়তার মাধ্যমে সদস্যরা ক্ষুদ্র উদ্যোক্তা হিসেবে কার্যক্রম পরিচালনার সুযোগ পাচ্ছেন এবং স্থানীয় পর্যায়ে কর্মসংস্থান ও জীবিকায়নে ইতিবাচক প্রভাব সৃষ্টি হবে বলে আশা করা হচ্ছে।

## আন্তর্জাতিক প্রতিবন্ধী দিবস উদযাপন



'পিপিইপিপি-ইইউ' প্রকল্পের আওতায় ৩ ডিসেম্বর ২০২৫ তারিখে "প্রতিবন্ধীতা অন্তর্ভুক্তিমূলক সমাজ গড়ি, সামাজিক অগ্রগতি ত্বরান্বিত করি" প্রতিপাদ্যকে সামনে রেখে ৩৪তম আন্তর্জাতিক ও ২৭তম জাতীয় প্রতিবন্ধী দিবস যথাযথ মর্যাদায় পালন করা হয়। দিবসটি উপলক্ষে কিশোরগঞ্জ জেলার নিকলী, মিঠামইন ও অষ্টগ্রাম উপজেলার বিভিন্ন স্থানে র‍্যালি ও আলোচনা সভার আয়োজন করা হয়। আলোচনা সভায় বক্তারা প্রতিবন্ধী ব্যক্তিদের সমাজের অবিচ্ছেদ্য অংশ হিসেবে উল্লেখ করে তাদের জন্য সুযোগ ও সহায়তা নিশ্চিত করার ওপর গুরুত্বারোপ করেন। এ দিবসে প্রায় ৩৭৪ জন মানুষ অংশগ্রহণ করেন। অনুষ্ঠানে প্রতিবন্ধী সদস্যদের মধ্য থেকে সফল উদ্যোক্তাদের সম্মাননা ও পুরস্কার প্রদান করা হয়। সমাজসেবা অফিসার, প্রতিবন্ধী ফোরাম, পিভিসি সদস্য, স্থানীয় জনপ্রতিনিধি, গণ্যমান্য ব্যক্তি ও পদক্ষেপ এর কর্মকর্তাগণ অনুষ্ঠানে উপস্থিত ছিলেন। এই আয়োজন প্রতিবন্ধী ব্যক্তিদের সামাজিক অন্তর্ভুক্তি ও মর্যাদা প্রতিষ্ঠায় গুরুত্বপূর্ণ ভূমিকা রাখে।

প্রমিস
ফার্মেসি অ্যান্ড ইজি শপ
বাড়ির পাশেই বিশ্বস্ততার নাম

### শীতকালীন বিষণ্নতা

শীতে দিনের আলো কমে গেলে অনেকের মন খারাপ, আলস্য ও আগ্রহহীনতা বেড়ে যায়—এটাই শীতকালীন বিষণ্নতা।

### লক্ষণ

- মন খারাপ, শক্তি কমে যাওয়া
- বেশি ঘুম, কাজে মন না বসা
- মিষ্টি খাবারের প্রতি ঝোঁক
- একা থাকতে চাওয়া

### কেনো হয়?

- শীতে সূর্যের আলো কমে যাওয়া
- Serotonin কমে গেলে মন ভালো থাকে না
- Melatonin বেড়ে গেলে ঘুম ঘুম ও ক্লান্তি বাড়ে

### প্রতিরোধ ও প্রতিকার

- প্রতিদিন ২০ -৩০ মিনিট রোদে থাকুন
- হালকা হাঁটা বা ব্যায়াম করুন
- ঘর উজ্জ্বল রাখুন
- পুষ্টিকর খাবার খান
- বন্ধু পরিচিতদের সাথে যোগাযোগ রাখুন



## ডিসেম্বর ২০২৫ মাসে 'রেমিটেন্স' লেনদেন সংক্রান্ত তথ্য

| সুবিধাভোগী | অর্থ প্রদান |
|---|---|
| ৩৭৫ জন | ৯৮,৯৯,৫২৫ টাকা |

| এ পর্যন্ত সুবিধাভোগী | এ পর্যন্ত অর্থ প্রদান |
|---|---|
| ১,৬৬,৭৭২ জন | ৫,৩৭৬,৮২৯,৫০৭ টাকা |




## ডেঙ্গু প্রতিরোধে ক্যাম্পেইন

'পিপিইপিপি-ইইউ' প্রকল্পের কমিউনিটি মোবিলাইজেশন কম্পোনেন্টের আওতায় ১৪ থেকে ১৮ ডিসেম্বর ২০২৫ তারিখ পর্যন্ত ডেঙ্গু প্রতিরোধে সচেতনতা বৃদ্ধিমূলক ক্যাম্পেইন বাস্তবায়ন করা হয়। ক্যাম্পেইনটি কিশোরগঞ্জ জেলার নিকলী, মিঠামইন ও অস্টগ্রাম উপজেলার তিনটি ইউনিয়নে অনুষ্ঠিত হয়। ক্যাম্পেইনের অংশ হিসেবে মাইকিং, পোস্টার ও লিফলেট বিতরণ, র‍্যালি এবং আলোচনা সভার আয়োজন করা হয়। এতে পিভিসি সদস্য, কিশোরী ক্লাব, মা ও শিশু ফোরাম, প্রতিবন্ধী ফোরাম, স্থানীয় জনগণ এবং গণ্যমান্য ব্যক্তিবর্গ সক্রিয়ভাবে অংশগ্রহণ করেন। পদক্ষেপ এর বিভিন্ন পর্যায়ের কর্মকর্তাগণ কার্যক্রম তদারকি ও দিকনির্দেশনা প্রদান করেন। এই ক্যাম্পেইনে মোট প্রায় ৪৫৬ জন মানুষ অংশগ্রহণ করেন। ক্যাম্পেইনের মাধ্যমে ডেঙ্গু প্রতিরোধ ও পরিচ্ছন্নতা বিষয়ে জনগণের সচেতনতা উল্লেখযোগ্যভাবে বৃদ্ধি পেয়েছে বলে আশা করা হচ্ছে।

## ফসল চাষ বিষয়ক মাঠ দিবস আয়োজন




প্রকল্পভুক্ত সদস্যদের মাধ্যমে মাঠ পর্যায়ে বাস্তবায়িত নতুন প্রযুক্তি ও চাষাবাদ পদ্ধতি স্থানীয় পর্যায়ে সম্প্রসারণের লক্ষ্যে একটি ফসল চাষ বিষয়ক মাঠ দিবস আয়োজন করা হয়। মাঠ দিবসটি ২৮ ডিসেম্বর ২০২৫ তারিখে অষ্টগ্রাম উপজেলার বাংগালপাড়া ইউনিয়নে অনুষ্ঠিত হয়। এই মাঠ দিবসে প্রকল্পভুক্ত সদস্যদের পাশাপাশি স্থানীয় প্রায় ৮০ - ১০০ জন কৃষক ও আগ্রহী ব্যক্তি উপস্থিত ছিলেন। মাঠ দিবসের মাধ্যমে অংশগ্রহণকারীরা আধুনিক চাষাবাদ পদ্ধতি, সার ও কীটনাশকের সঠিক প্রয়োগ মাত্রা এবং উৎপাদন বৃদ্ধির কৌশল সম্পর্কে বাস্তব অভিজ্ঞতা লাভ করেন। এ ধরনের আয়োজন স্থানীয় পর্যায়ে প্রযুক্তি সম্প্রসারণ ও কৃষি উৎপাদনশীলতা বৃদ্ধিতে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবে।

## 'আইসিবিসি' প্রকল্পের বিভিন্ন কার্যক্রম পরিদর্শন



বাংলাদেশ শিশু একাডেমির সহযোগিতায় পদক্ষেপ কর্তৃক বাস্তবায়নাধীন সমাজভিত্তিক সমন্বিত শিশুযত্ন কেন্দ্রের মাধ্যমে শিশুর প্রারম্ভিক বিকাশ ও সুরক্ষা এবং সাঁতার সুবিধা প্রদান (আইসিবিসি) প্রকল্পের আওতায় নরসিংদী ও চাঁদপুর জেলায় প্রকল্প কার্যক্রম পরিদর্শন করেন বাংলাদেশ শিশু একাডেমির যুগ্ম সচিব ও প্রকল্প পরিচালক মোঃ আব্দুল কাদির। এর অংশ হিসেবে গত ১৪ ডিসেম্বর ২০২৫ তারিখে নরসিংদী জেলার মনোহরদী উপজেলা এবং ১৫ ডিসেম্বর চাঁদপুর সদর উপজেলার আশিকাটি ইউনিয়নের শিশুযত্ন কেন্দ্র পরিদর্শন করেন। এসময় উপস্থিত ছিলেন পদক্ষেপ এর যুগ্ম পরিচালক মোঃ আনিস হোসেন চৌধুরীসহ মাঠপর্যায়ের সংশ্লিষ্ট কর্মীবৃন্দ। পরিদর্শনকালে প্রকল্প পরিচালক অভিভাবকদের সঙ্গে মতবিনিময় করেন এবং কেন্দ্রগুলো শিশুদের সার্বিক বিকাশে কীভাবে ভূমিকা রাখছে সে বিষয়ে মতামত গ্রহণ করেন। একই সঙ্গে শিশু লালন-পালন, যত্ন, পুষ্টি, সুরক্ষা এবং মা বাবা ও শিশুদের মানসিক সুস্থতা বিষয়ে গুরুত্বপূর্ণ আলোচনা করা হয়। এছাড়া কমিউনিটির দৃষ্টিভঙ্গি ও স্থানীয় পর্যায়ে প্রকল্পের প্রভাব সম্পর্কেও তিনি অভিভাবকদের কথা শোনেন। পরিদর্শন শেষে শিশুদের সক্রিয় অংশগ্রহণ ও অভিভাবকদের ইতিবাচক প্রতিক্রিয়ায় সন্তোষ প্রকাশ করে তিনি কার্যক্রমকে আরও গতিশীল ও টেকসই করার জন্য প্রয়োজনীয় দিকনির্দেশনা প্রদান করেন।

## ডিসেম্বর ২০২৫ মাসের কর্মী কল্যাণ তহবিল, সিপিএফ ও অনুদান প্রদান সংক্রান্ত তথ্য

### ফেরত প্রদান

| | |
|---|---|
| সিপিএফ ১১২ জন | অর্থ ফেরত প্রদান ১,৬১,৯০,৪৭৪ টাকা |
| কর্মী স্বেচ্ছা সঞ্চয় ও বিমা প্রোগ্রাম ১১৩ জন | অর্থ প্রদান ৩০,০৯,৫৬৬ টাকা |
| কর্মী কল্যাণ তহবিল ১০৮ জন | অর্থ ফেরত প্রদান ৮,৫৯,১০৬ টাকা |

### অনুদান প্রদান

| | |
|---|---|
| কর্মী স্বেচ্ছা সঞ্চয় ও বিমা প্রোগ্রাম ৬৬ জন | অনুদানের অর্থ প্রদান ৬২,৫৯,২৪১ টাকা |
| কর্মী কল্যাণ তহবিল ৪৩ জন | অনুদানের অর্থ প্রদান ১৬,৯৩,৮০১ টাকা |




## অভিভাবক সভা অনুষ্ঠিত

বাংলাদেশ শিশু একাডেমির সহযোগিতায় পদক্ষেপ কর্তৃক বাস্তবায়নাধীন আইসিবিসি প্রকল্পের আওতায় ২২ ডিসেম্বর ২০২৫ তারিখে নরসিংদী জেলার মনোহরদী উপজেলায় একটি অভিভাবক সভা অনুষ্ঠিত হয়। সভায় শিশুযত্ন কেন্দ্রের কার্যক্রম সম্পর্কে অভিভাবকদের অবহিত করা হয় এবং শিশুদের প্রারম্ভিক বিকাশে অভিভাবকদের সক্রিয় ভূমিকার ওপর গুরুত্বারোপ করা হয়। মোট ১২টি সেশনে শিশু লালন-পালন, পুষ্টি, সুরক্ষা, পজিটিভ প্যারেন্টিং, মানসিক সুস্থতা, খেলাধুলার মাধ্যমে শেখা এবং শিশুদের সাথে গুণগত সময় কাটানোর বিষয়ে আলোচনা করা হয়। এ সভার মাধ্যমে শিশুযত্ন কেন্দ্র, অভিভাবক ও কমিউনিটির মধ্যে একটি কার্যকর সেতুবন্ধন তৈরি হয় এবং শিশুদের নিয়মিত কেন্দ্রে পাঠানোর গুরুত্ব তুলে ধরা হয়।



## গ্রাম ব্যবস্থাপনা কমিটি সভা

আইসিবিসি প্রকল্পের আওতায় ২৪ সেপ্টেম্বর ২০২৫ তারিখে নরসিংদী জেলার মনোহরদী উপজেলায় গ্রাম পর্যায়ে গ্রাম ব্যবস্থাপনা কমিটির সভা অনুষ্ঠিত হয়। সভায় শিশুদের অংশগ্রহণ, ঝরে পড়া রোধ, প্রারম্ভিক বিকাশ এবং শিশুযত্ন কেন্দ্রকে বহুমুখী সেবাদান কেন্দ্র হিসেবে গড়ে তোলার বিষয়ে আলোচনা করা হয়। গৃহীত সিদ্ধান্ত অনুযায়ী শিশুর জন্মনিবন্ধন, টিকাদান, পুষ্টি, দৃষ্টিশক্তি ও শ্রবণ পরীক্ষা এবং পানিতে ডুবে যাওয়া প্রতিরোধমূলক কার্যক্রমে সহায়তা নিশ্চিত করার ওপর গুরুত্ব দেওয়া হয়। সকল অংশগ্রহণকারীর সক্রিয় অংশগ্রহণে সভাটি ফলপ্রসূ ও প্রাণবন্ত হয়ে ওঠে।

## বিজয় দিবস উদযাপন





বাংলাদেশ শিশু একাডেমির সহযোগিতায় পদক্ষেপ কর্তৃক বাস্তবায়নাধীন আইসিবিসি প্রকল্পের আওতায় ১৬ ডিসেম্বর ২০২৫ তারিখে নরসিংদী, চাঁদপুর, ভোলা ও লক্ষ্মীপুর জেলার শিশুযত্ন কেন্দ্রসমূহে যথাযথ মর্যাদায় মহান বিজয় দিবস উদযাপন করা হয়। অনুষ্ঠানের শুরুতে জাতীয় সংগীত পরিবেশনের মাধ্যমে মহান মুক্তিযুদ্ধের শহিদদের প্রতি শ্রদ্ধা নিবেদন করা হয়। এরপর শিশুদের অংশগ্রহণে চিত্রাঙ্কন প্রতিযোগিতা, কবিতা আবৃত্তি, দেশাত্মবোধক গান ও আলোচনা সভার আয়োজন করা হয়। অনুষ্ঠান শেষে শিশুদের মাঝে পুরস্কার ও শুভেচ্ছা সামগ্রী বিতরণ করা হয়। পুরো আয়োজনটি ছিল আনন্দঘন, শিক্ষণীয় ও অনুপ্রেরণামূলক।

## ডিসেম্বর মাসে 'পিআইডিএম' থেকে সেবা গ্রহণ সংক্রান্ত তথ্য

| সংস্থার সংখ্যা | অংশগ্রহণকারী | মিটিং/পরীক্ষা/কর্মশালা | ট্রেনিং সংখ্যা | পদক্ষেপ স্টাফ | অন্যান্য সংস্থা স্টাফ |
|---|---|---|---|---|---|
| ২৮টি | ১০৭০ জন | ০৮টি মিটিং | ১২ টি ট্রেনিং | ৪৫৮ জন | ৬১২ জন |

## প্যালেডিয়াম
নিরাপদ স্ট্রিট ফুড মার্কেট



### আপনি জানেন কি?

বিরিয়ানি মূলত পারস্যের পোলাও থেকে এসেছে। ১৬শ শতকে মুঘলরা ভারতবর্ষে এলে তারা নিজেদের রান্নার ধারা সঙ্গে নিয়ে আসে। রাজদরবারের বাবুর্চিরা দেশি মসলা, চাল, মাংস আর দমের কৌশল মিশিয়ে বিরিয়ানিকে ধীরে ধীরে আলাদা রূপ দেন। বাংলায় ঢাকাই কাচ্চি বিরিয়ানি জনপ্রিয় হয়ে ওঠে ১৮৫৬ সালে, যখন আওধের নবাব ওয়াজেদ আলী শাহ ব্রিটিশদের হাতে সিংহাসন হারিয়ে কলকাতায় নির্বাসিত হন। তাঁর সঙ্গে আসা রাজকীয় বাবুর্চিরাই কাচ্চি বিরিয়ানি ঢাকায় ছড়িয়ে দেন।



### লেখা আহ্বান

পদক্ষেপ এ কর্মরত যে কেউ সংস্থা সংশ্লিষ্ট সংবাদ, অভিজ্ঞতা ও উপলব্ধির কথা বা শিক্ষণীয় বিষয়ের উপর সংক্ষিপ্ত আকারে লেখা পাঠাতে পারেন। মনোনীত লেখাগুলো প্রকাশ করা হবে।

# ইউপিএইচসিএসডিপি-২য় পর্যায় প্রকল্পের উন্নয়ন কার্যক্রম




## নগর মাতৃসদন কেন্দ্র পরিদর্শন

পদক্ষেপ কর্তৃক বাস্তবায়নাধীন 'আরবান প্রাইমারি হেলথ কেয়ার সার্ভিসেস ডেলিভারি প্রকল্প-২য়' (ইউপিএইচসিএসডিপি-২) এর আওতায় গত ২৭ ডিসেম্বর ২০২৫ তারিখ কক্সবাজারে নগর মাতৃসদন কেন্দ্র ও নগর স্বাস্থ্যকেন্দ্র ০২ পরিদর্শন করলেন যুগ্ম সচিব ও ইউপিএইচসিএসডিপি-২ এর প্রকল্প পরিচালক, খোন্দকার মোঃ নাজমুল হুদা শামীম। পরিদর্শনকালে তিনি নগর মাতৃসদনের প্রকল্প ব্যবস্থাপক, ম্যানেজার (অ্যাডমিন অ্যান্ড ফিনান্স), এমআইএস অফিসার, ক্লিনিক ম্যানেজার, মেডিকেল অফিসারসহ সংশ্লিষ্ট কর্মকর্তা কর্মচারীদের সঙ্গে মতবিনিময় করেন। এছাড়াও মাতৃসদনে ভর্তি ডেলিভারি রোগীদের সঙ্গে কথা বলেন এবং সেবার মান সম্পর্কে খোঁজখবর নেন।

এ সময় প্রকল্প পরিচালক মহোদয় বিভিন্ন রেজিস্টার পর্যালোচনা করেন এবং পাওয়ারপয়েন্ট প্রেজেন্টেশনের মাধ্যমে জুলাই ২০২৫ থেকে নভেম্বর ২০২৫ পর্যন্ত পাঁচ মাসের পারফরম্যান্স ও টার্গেট অনুযায়ী অর্জনের অগ্রগতি পর্যবেক্ষণ করেন। সার্বিক সেবা কার্যক্রম ও অর্জন দেখে তিনি সন্তোষ প্রকাশ করেন। পরবর্তীতে তিনি নগর স্বাস্থ্যকেন্দ্র ০২ পরিদর্শন করেন এবং সেখানে সেবার পরিধি বৃদ্ধি ও রোগীর সংখ্যা বাড়ানোর লক্ষ্যে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের জন্য দিকনির্দেশনা প্রদান করেন। পরিদর্শন কার্যক্রমের মাধ্যমে নগর স্বাস্থ্যসেবার মানোন্নয়নে গুরুত্বপূর্ণ দিকনির্দেশনা প্রদান করা হয়, যা ভবিষ্যতে সেবা কার্যক্রম আরও শক্তিশালী করবে।

## ব্লাড গ্রুপিং ক্যাম্প অনুষ্ঠিত



পদক্ষেপ কর্তৃক বাস্তবায়নাধীন আরবান প্রাইমারি হেলথ কেয়ার সার্ভিসেস ডেলিভারি প্রকল্প (২য় পর্যায়) এর আওতায় ৫৪তম মহান বিজয় দিবস ২০২৫ উদযাপন উপলক্ষে কক্সবাজার পৌরসভার অন্তর্গত নগর মাতৃসদন কেন্দ্রের উদ্যোগে একটি ফ্রি ব্লাড গ্রুপিং ক্যাম্প আয়োজন করা হয়।

এই ক্যাম্পের মাধ্যমে সাধারণ জনগণ, বিশেষ করে নারী ও শিশুসহ বিভিন্ন বয়সী মানুষের জন্য বিনামূল্যে রক্তের গ্রুপ নির্ণয় সেবা প্রদান করা হয়। ক্যাম্পটি শান্তিপূর্ণ ও সুশৃঙ্খল পরিবেশে পরিচালিত হয় এবং এতে উল্লেখযোগ্য সংখ্যক সেবাগ্রহীতা অংশগ্রহণ করেন।

ফ্রি ব্লাড গ্রুপিং ক্যাম্পের মূল উদ্দেশ্য ছিল জনগণের মধ্যে স্বাস্থ্য সচেতনতা বৃদ্ধি করা এবং মহান বিজয় দিবসের চেতনায় মানবিক ও কল্যাণমূলক কার্যক্রম বাস্তবায়ন করা। ক্যাম্পটি সুষ্ঠুভাবে পরিচালনায় সার্বিক সহযোগিতা করেন চিকিৎসকবৃন্দ, ক্লিনিক ম্যানেজার, ফ্যামিলি প্ল্যানিং কো-অর্ডিনেটর এবং প্রকল্প ব্যবস্থাপক। প্রকল্পের সম্মিলিত সহযোগিতায় ক্যাম্পটি সফলভাবে সম্পন্ন হয়। অংশগ্রহণকারীরা এ ধরনের জনকল্যাণমূলক উদ্যোগকে স্বাগত জানিয়ে ভবিষ্যতেও এ ধরনের কার্যক্রম অব্যাহত রাখার প্রত্যাশা ব্যক্ত করেন।

## ডিসেম্বর মাসে প্রশিক্ষণ পেয়েছে ১২৮০ জন

| প্রশিক্ষণ শিরোনাম | অংশগ্রহণের সংখ্যা | অংশগ্রহণকারীর পদবি | আয়োজক |
|---|---|---|---|
| **অভ্যন্তরীণ প্রশিক্ষণ** | | | |
| 'বেসিক ওরিয়েন্টেশন' | ৪১ | নতুন নিয়োগপ্রাপ্ত সিএম | পদক্ষেপ |
| 'বেসিক ওরিয়েন্টেশন' (Induction) | ০৭ | প্রধান কার্যালয়ে নতুন নিয়োগপ্রাপ্ত কর্মী | পদক্ষেপ |
| হিসাব ও আর্থিক ব্যবস্থাপনা | ০৭ | কমিউনিটি ম্যানেজার-১ | পদক্ষেপ |
| Padakhep Microfinance Enterprise | ০৪ | সিনিয়র ব্যবস্থাপক ও এরিয়া ম্যানেজার | পদক্ষেপ |
| Refreshers Course on Accounts & Financial Management' | ৩২ | সহকারী ব্রাঞ্চ ম্যানেজার (হিসাব) | পদক্ষেপ |
| পদক্ষেপ সুরক্ষা নির্দেশিকা (অনলাইন) | ৫২৭ | ফরিদপুর, কালীগঞ্জ, শ্রীপুর, বাসাবো, গাজীপুর, মুন্সিগঞ্জ, কুমিল্লা, লক্ষ্মীপুর, লাকসাম, গফরগাঁও, ফেনী ও সাতকানিয়া এরিয়ার কর্মীবৃন্দ | পদক্ষেপ |
| "SIB সফটওয়্যারে স্টাফ ডেটা ভেরিফিকেশন সংক্রান্ত কার্যসম্পাদন" বিষয়ক অনলাইন প্রশিক্ষণ। | ৫৫৮ | ব্রাহ্মণবাড়িয়া, কুমিল্লা, বরিশাল, পটুয়াখালী, ভোলা, ফরিদপুর, যশোর, কুষ্টিয়া, রাজশাহী, বগুরা, রংপুর, দিনাজপুর, ময়মনসিংহ, কিশোরগঞ্জ, ঢাকা দক্ষিণ, ঢাকা উত্তর, চট্টগ্রাম উত্তর, চট্টগ্রাম পার্বত্য ও চট্টগ্রাম দক্ষিণ জোন এর কর্মীবৃন্দ | পদক্ষেপ |
| | ১০২ | প্রধান কার্যালয়ে কর্মীবৃন্দ | পদক্ষেপ |
| **বহি: প্রশিক্ষণ** | | | |
| Internal Audit | ১ | সহকারী ব্যবস্থাপক | পিকেএসএফ |
| Artificial Intelligence in Integrated Training Program | ১ | সহকারী ব্যবস্থাপক | পিকেএসএফ |
| মোট | ১২৮০ | | |

## ডিসেম্বর মাসে ৫৫ জনকে নিয়োগ দিয়েছে 'পদক্ষেপ'

| প্রধান কার্যালয়, জোন, প্রোগ্রাম ও প্রোজেক্টের নাম | পদের নাম | কর্মস্থল | সংখ্যা |
|---|---|---|---|
| **প্রধান কার্যালয়** | সহকারী পরিচালক | প্রধান কার্যালয় | ১ |
| | সিনিয়র ম্যানেজার | | ১ |
| | ম্যানেজার | | ২ |
| **'আরবান প্রাইমারি হেলথ কেয়ার সার্ভিসেস ডেলিভারি প্রজেক্ট-২য় পর্যায়' প্রকল্প** | প্রজেক্ট ম্যানেজার | জামালপুর | ১ |
| | মেডিকেল অফিসার | | ২ |
| | নার্স | | ৩ |
| | প্যারামেডিক | | ১ |
| | ক্লিনিক এইড | | ২ |
| | ম্যাসেঞ্জার কাম সিকিউরিটি গার্ড | | ১ |
| | ফিজিসিয়ান | | ১ |
| | অ্যাডমিনিস্ট্রেটিভ অ্যাসিস্টান্ট | | ১ |
| **সমৃদ্ধি প্রকল্প** | শিক্ষক | সুনামগঞ্জ | ২ |
| **মাইক্রোফাইন্যান্স** | সিএম-১, এবিএম (লোন) | বিভিন্ন জোন | ৩৭ |
| | | মোট | ৫৫ |

# সমৃদ্ধি কর্মসূচির বিভিন্ন উন্নয়ন কার্যক্রম




## যুব প্রশিক্ষণ অনুষ্ঠিত

পদক্ষেপ কর্তৃক বাস্তবায়নাধীন সমৃদ্ধি কর্মসূচির উদ্যোগে এবং পল্লী কর্ম সহায়ক ফাউন্ডেশন (পিকেএসএফ)-এর সহযোগিতায় "সামাজিক স্বেচ্ছাসেবা, সম্প্রীতি ও নেতৃত্ব উন্নয়ন" শীর্ষক যুব প্রশিক্ষণ ২০২৫ দেশের বিভিন্ন এলাকায় সফলভাবে বাস্তবায়ন করা হয়। এর অংশ হিসেবে ২১ থেকে ২৪ ডিসেম্বর ২০২৫ তারিখে বরিশাল জেলার উজিরপুর উপজেলার হারতা ইউনিয়নের কুচিয়ারপাড়া এলাকায় ৪ দিনব্যাপী যুব প্রশিক্ষণ অনুষ্ঠিত হয়। প্রশিক্ষণের উদ্বোধন করেন বাবু রতন হালদার, সাবেক ইউপি চেয়ারম্যান। উদ্বোধনী অনুষ্ঠানে আরও উপস্থিত ছিলেন সুভাষ সরকার, ইউপি সদস্য (৩নং ওয়ার্ড) এবং নগেন্দ্রনাথ মণ্ডল, সভাপতি, কুচিয়ারপাড়া সরকারি প্রাথমিক বিদ্যালয়। প্রশিক্ষণে প্রশিক্ষক হিসেবে দায়িত্ব পালন করেন মোঃ নুরুজ্জামান, সহকারী যুব উন্নয়ন কর্মকর্তা, উজিরপুর, বরিশাল। প্রশিক্ষণ কার্যক্রম পরিচালনায় ছিলেন উপজেলা কর্মসূচি সমন্বয়কারী মোঃ নিজাম উদ্দিন ও সহকারী কর্মসূচি সমন্বয়কারী মহসিন সরদার। সার্বিক সহযোগিতায় ছিলেন সমৃদ্ধি স্বাস্থ্য কর্মকর্তা তামিমা আক্তার। উক্ত প্রশিক্ষণে উন্নয়নে যুব সমাজ কার্যক্রমের ওয়ার্ডভিত্তিক যুব সদস্যরা অংশগ্রহণ করেন। এ ধারাবাহিকতার অংশ হিসেবে ২৯ ডিসেম্বর ২০২৫ তারিখে সুনামগঞ্জ সদর এরিয়া অফিসে যুব প্রশিক্ষণের চতুর্থ ব্যাচ অনুষ্ঠিত হয়। চারটি ব্যাচে সর্বমোট ১০০ জন যুব সদস্যকে প্রশিক্ষণ প্রদান করা হয়। সুনামগঞ্জে অনুষ্ঠিত প্রশিক্ষণে প্রধান প্রশিক্ষক হিসেবে উপস্থিত ছিলেন জাফর ইকবাল চৌধুরী, সহকারী উপপরিচালক, যুব উন্নয়ন অধিদপ্তর, সুনামগঞ্জ জেলা। দ্বিতীয় প্রশিক্ষক (ধর্মীয় প্রশিক্ষক) হিসেবে দায়িত্ব পালন করেন কে.এম.এম.এ রক্কীব, পরিচালক, পঞ্চগ্রাম মার্কাযুল উলুম ইসলামিয়া মাদ্রাসা, গৌরারং, সুনামগঞ্জ সদর। এ সময় আরও উপস্থিত ছিলেন তপন কুমার পাল, ব্রাঞ্চ ম্যানেজার এবং দ্বীপংকর মালাকার, স্বাস্থ্য কর্মকর্তা, সমৃদ্ধি কর্মসূচি, সুনামগঞ্জ সদর। প্রশিক্ষণ কার্যক্রম পরিচালনা করেন জাহেদুল ইসলাম, উপজেলা সহকারী কর্মসূচি সমন্বয়কারী।

এই প্রশিক্ষণ কার্যক্রমের মাধ্যমে যুব সদস্যদের মধ্যে সামাজিক দায়িত্ববোধ, নেতৃত্বের গুণাবলি ও সম্প্রীতি বৃদ্ধির পাশাপাশি স্থানীয় উন্নয়ন কর্মকাণ্ডে তাদের সক্রিয় অংশগ্রহণ নিশ্চিত করার লক্ষ্যে গুরুত্বপূর্ণ দক্ষতা ও জ্ঞান প্রদান করা হয়।

## স্বাস্থ্যসেবা ও পুষ্টি বিষয়ক প্রশিক্ষণ



বরিশাল জেলার উজিরপুর উপজেলার হারতা ইউনিয়নে পদক্ষেপ এর সমৃদ্ধি কর্মসূচির আওতায় স্বাস্থ্যসেবা ও পুষ্টি কার্যক্রমে নিয়োজিত স্বাস্থ্য পরিদর্শকদের জন্য ২ দিনব্যাপী "স্বাস্থ্যসেবা ও পুষ্টি বিষয়ক প্রশিক্ষণ ২০২৫" সফলভাবে সম্পন্ন হয়েছে। প্রশিক্ষণে রিসোর্স পার্সন হিসেবে ছিলেন মেডিকেল অফিসার ডা. বিনয় হালদার। এ সময় উপজেলা সমন্বয়কারী মোঃ নিজাম উদ্দিন ও সহকারী সমন্বয়কারী মহসিন সরদার উপস্থিত ছিলেন। প্রশিক্ষণ পরিচালনা করেন স্বাস্থ্য কর্মকর্তা তামিমা আক্তার। প্রশিক্ষণ শেষে অংশগ্রহণকারীদের মাঝে প্রশিক্ষণ সনদ বিতরণ করা হয়। প্রশিক্ষণটির মাধ্যমে মাঠপর্যায়ে স্বাস্থ্য ও পুষ্টি সেবার মান আরও উন্নত হবে।

## উপজেলা দিবস উদযাপন ও সমৃদ্ধি উন্নয়ন মেলা অনুষ্ঠিত



পদক্ষেপ এর আয়োজনে এবং পল্লী কর্ম-সহায়ক ফাউন্ডেশনের আর্থিক সহযোগিতায় সুনামগঞ্জ সদর উপজেলার গৌরারং ইউনিয়নে ২২ ডিসেম্বর ২০২৫ তারিখে ইউনিয়ন পর্যায়ে ক্রীড়া ও সাংস্কৃতিক প্রতিযোগিতা এবং ২৩ ডিসেম্বর ২০২৫ তারিখে উপজেলা দিবস উদযাপন ও সমৃদ্ধি উন্নয়ন মেলা অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন শওকত আলী, চেয়ারম্যান, গৌরারং ইউনিয়ন পরিষদ। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন সোহাগ মিয়া, জেলা ক্রীড়া অফিসার, সুনামগঞ্জসহ বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠান ও সমাজের গণ্যমান্য ব্যক্তিবর্গ। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন বিশ্বজিৎ দাস, সিনিয়র ব্যবস্থাপক ও এরিয়া ম্যানেজার, সুনামগঞ্জ সদর। অনুষ্ঠান পরিচালনা ও উপস্থাপনায় ছিলেন জাহেদুল ইসলাম, উপজেলা সহকারী কর্মসূচি সমন্বয়কারী। উক্ত আয়োজনের মাধ্যমে স্থানীয় জনগণের অংশগ্রহণে উন্নয়ন কার্যক্রমের সচেতনতা ও সামাজিক সম্প্রীতি আরও জোরদার হয়।